



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
পরিকল্পনা ও মূল্যায়ন  
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.২৯২

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুমোদন প্রসঙ্গে।

১.	২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচিসমূহের/২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ৩১/১০/২০২২ তারিখে ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষে সরাসরি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), পরিচালক (গবেষণা), সকল প্রকল্প/ কর্মসূচি পরিচালক ও বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
২.	উপস্থাপনঃ সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা (চ.দা) আতিয়া রোখসানা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।
৩.	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ গত ২৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।
৪.	বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ
৪.১	৪.১.১ সভার শুরুতে মহাপরিচালক মহোদয় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করার পাশাপাশি সকলকে প্রেরিত কার্যবিবরণী পড়ে নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করেন। এরপর ২০২২-২৩ অর্থবছরের প্রকল্প/কর্মসূচিসমূহের ক্রয় পরিকল্পনার আওতায় পণ্য ও কার্যের দরপত্রের অগ্রগতি বিষয়ে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে, প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ সকল পণ্য ও কার্যের কার্যাদেশ সম্পন্ন (০১ টি পুন:আহবান ব্যতীত) হয়েছে বলে সভাকে জানান। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় কার্যাদেশ পরবর্তী সকল পণ্য ও কার্যের স্পেসিফিকেশন অনুযায়ী সকল কাজ গুণগত মান ও স্বচ্ছতা বজায় রেখে এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্য প্রকল্প/কর্মসূচি পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন। পাশাপাশি ক্রয়ের আওতায় সকল পণ্য ও কার্যের গুণগত মান অর্জনের লক্ষ্যে মনিটরিং কার্যক্রমকে আরও জোরদার করত: প্রতিবেদন প্রস্তুত করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় 'যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ' শীর্ষক প্রকল্পের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী গবেষণা কার্যক্রম চলমান রয়েছে এবং সিরাজগঞ্জ ব্যতীত অন্য ০৩ টি আঞ্চলিক কার্যালয়ে (গোপালগঞ্জ, কুষ্টিয়া এবং সাতক্ষিরা) মেশিন ডিসপ্লে কাম স্টোর নির্মাণ কাজ চলমান রয়েছে। মহাপরিচালক মহোদয় সিরাজগঞ্জ আ. কার্যালয়ে নির্মাণ কাজ শুরু না হওয়ার ব্যাপারে জানতে চাইলে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে জানান যে, সিরাজগঞ্জ আ. কার্যালয়ে মেশিন ডিসপ্লে কাম স্টোর নির্মাণের জন্য অধিক ভূমি উন্নয়ন প্রয়োজন যার সংস্থান প্রকল্পের বাজেটে নাই। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় পরিচালক প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের ভূমি উন্নয়ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নির্মাণ কাজ শুরুর নির্দেশ প্রদান করেন। 'অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে প্রকল্পের আওতায় গবেষণা, প্রশিক্ষণ, উচ্চশিক্ষা এবং নির্মাণসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। এ প্রসঙ্গে মহাপরিচালক মহোদয় উচ্চশিক্ষায় মনোনীত বিজ্ঞানীদের বিষয়বস্তুর বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে উচ্চশিক্ষায় মনোনীত ১ জন বিজ্ঞানী রাল্ট এবং অপর ০১ জন বিজ্ঞানী লবণাক্ততা নিয়ে কাজ করছেন। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় প্রকল্প পরিচালককে প্রতিকূল পরিবেশ উপযোগী হাইব্রিড ধানের জাত উদ্ভাবনে বিভাগের বিজ্ঞানীদের আরও গবেষণা সক্ষমতা বৃদ্ধির জোর তাগিদ প্রদান করেন। সভায় সকল বিভাগীয়/শাখা/আ.কার্যালয় প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অফিসে এবং আবাসিকে প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এসি ব্যবহার না করতে এবং অফিস সময়ের পরে অবশ্যই এগুলো বন্ধ নিশ্চিত করার বিষয়টি অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় বিভিন্ন বিভাগে বিভিন্ন গবেষণায় ব্যবহৃত ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদির আউটপুট আগামি বার্ষিক গবেষণা পর্যালোচনা সভায় নিজ নিজ বিভাগীয় প্রধানগণকে উপস্থাপন করতে এবং সকল বিজ্ঞানীদের ল্যাব যন্ত্রের ব্যবহারের উপর গুরুত্ব দিয়ে ও প্রধান গবেষক হিসাবে বার্ষিক গবেষণা পরীক্ষণ দেওয়ার জন্য আবারও নির্দেশ প্রদান করেন। মহাপরিচালক মহোদয় কর্মসূচির অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে কর্মসূচির পরিচালকগণ তাদের কার্যক্রমের অগ্রগতি বিস্তারিতভাবে ব্যক্ত করেন যা নিম্নে দেওয়া হলো।

	<p>৪.১.১.১ ‘পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দকৃত টাকা এখনো ছাড় হয় নাই। এ প্রসঙ্গে উপরিচালক (অর্থ ও হিসাব) সভাকে জানান যে, আইবাস++ এ অর্থনৈতিক কোড ভুল হওয়ায় ছাড়করণ বিলম্বিত হচ্ছে, তবে বর্তমানে বিষয়টি সংশোধন পর্যায়ে রয়েছে এবং খুব শীঘ্রই অর্থ ছাড় হবে বলে আশা করা যায়। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় অর্থ ছাড় হলে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করার জন্য কর্মসূচির পরিচালককে নির্দেশ প্রদান করেন।</p>
	<p>৪.১.১.২ ‘নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে।</p>
	<p>৪.১.১.৩ ‘উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।</p>
	<p>৪.১.১.৪ ‘নতুন প্রজন্মের ধান (সি-ফোর রাইস) গবেষণা অব্যাহত রাখা এবং গবেষণা সক্ষমতা বৃদ্ধিকরণ’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।</p>
	<p>৪.১.১.৫ ‘ব্রি়র আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।</p>
	<p>৪.১.১.৬ ‘ব্রি়র আঞ্চলিক কার্যালয় সোনাগাজী, ফেনীর গবেষণা কার্যক্রম জোরদারকরণ ও টেকসই ধান প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন’ শীর্ষক কর্মসূচির পরিচালক সভাকে জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।</p>
৪.২	<p>৪.২.১ প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়ার প্রক্রিয়াটি চলমান আছে এবং ইতোমধ্যে নয়টি আঞ্চলিক কার্যালয়ের আওতায় নয়টি গ্রামে নয়জন উদ্যোক্তাকে যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। এ প্রেক্ষাপটে, মহাপরিচালক মহোদয় মেকানাইজড ভিলেজে উদ্যোক্তাদের নিকট সরবরাহকৃত যন্ত্রের বর্তমান ব্যবহার সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, রংপুর এবং সিরাগঞ্জ আ.কার্যালয়ের আওতায় বাছাইকৃত মেকানাইজড ভিলেজটির স্থান/উদ্যোক্তা সঠিক না হওয়ায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতির ভাল আউটপুট পাওয়া যাচ্ছে না। তবে রাজশাহী এবং কুষ্টিয়া আ.কার্যালয়ের আওতায় পরিচালিত মেকানাইজড ভিলেজ গড়ার কার্যক্রম ভালভাবে এগিয়ে যাচ্ছে। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় মেকানাইজড ভিলেজ কার্যক্রমটি অন্যত্র সরিয়ে নিতে অথবা রাজশাহী এবং কুষ্টিয়া আ.কার্যালয়ের অভিজ্ঞতার আলোকে নতুন উদ্যোক্তা বাছাইয়ের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া প্রতিটি আঞ্চলিক কার্যালয়কে শতভাগ যান্ত্রিকীকরণে সমস্যাগুলো চিহ্নিত করে প্রধান, এফএমপিএইচটি বিভাগ এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।</p>
	<p>৪.২.২ চলতি আমন মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমলয় পদ্ধতিতে (Synchronized Cultivation) রোপনকৃত ধানের সার প্রয়োগ এবং বাছাইসহ অন্যান্য পরিচর্যা মেকানাইজড পদ্ধতিতে হচ্ছে বলে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধান এবং প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় আগামি বোরো মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে সমলয় পদ্ধতিতে ধান চাষাবাদের ব্যবস্থা গ্রহণ করতে প্রয়োজনীয় সংখ্যক ট্রে সরবরাহ করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।</p>
৪.৩	<p>৪.৩.১ বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি়র উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রদর্শনী পর্যায়ক্রমে প্রতিটি ব্লকে করতে ও প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের প্রভাব পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগকে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদর্শনীর ডাটাবেইস তৈরীর কাজ দ্রুত সম্পন্ন করত: এ সকল প্রদর্শনী স্থাপনের ফলে চাষাবাদ এলাকার বৃদ্ধি ও উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে লেখনী তৈরী করতে কৃষি অর্থনীতি বিভাগকে আবারও মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া কৃষকের মাঠে প্রদর্শনী স্থাপনে কৃষকে নাম, মোবাইল নাম্বার এবং জাতের নাম লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে।</p>
	<p>৪.৩.২ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে গত বোরো এবং আউশ মওসুমে ব্রি়র গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ফসল কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও বোরো মওসুমে ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ এবং যাচাই বাচাই করে আগামি সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (গবেষণা)সহ সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন। এছাড়া চলতি আমন মওসুমেও ধান কর্তনের সময় উপরিউল্লিখিত বিষয়াদির তথ্য সংগ্রহ এবং যাচাই বাচাই করতে সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।</p>
	<p>৪.৩.৩ আগামি বোরো মওসুমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ধান কর্তনের লক্ষ্যকে সামনে রেখে দেশের উপকূলীয়(সাতক্ষিরা, খুলনা, বরিশাল, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম) অঞ্চলে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের জল ডোবাতে, সিলেটের পতিত অঞ্চলে এবং হাওরাঞ্চলে ব্রি়র প্রকল্প/কর্মসূচি এবং রাজস্ব বাজেটের আওতায় ব্রি়র উদ্ভাবিত নতুন অধিক ফলনশীল জাতগুলো বড় আকারে (৫-১০ একর) সমলয় পদ্ধতিতে প্রদর্শনী স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্টদের আবারও নির্দেশ প্রদান করেন।</p>
৪.৪	<p>মাননীয় প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনার বাস্তব অগ্রগতি প্রতি মাসের সভায় উপস্থাপনের জন্য এফএমপিএইচটি বিভাগের প্রধানকে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।</p>
৪.৫	<p>৪.৫.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, রাধুণী পাগল, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়।</p>

	<p>৪.৫.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজের অগ্রগতি নিয়ে ড. এ এস এম মাসুদজ্জামান, সিএসও, সভাকে জানান যে, স্থানীয় জাত গুলির সাথে ক্রসিং এর মাধ্যমে Rapid Elongating উন্নত জলি আমনের জাত উদ্ভাবনের কার্যক্রম চলমান আছে যা ১-৩ মিঃ গভীর পানিতে চাষ করা যাবে। তিনি আরও বলেন যে, Semi-Deep এলাকার উপযোগী ব্রি ধান ৯১ এর কৃষকের মাঠে স্থাপিত ট্রায়ালের ফলাফলের ভিত্তিতে জাতটির গ্রহণযোগ্যতা প্রমাণিত হয়েছে। এ জাতটির বীজ কৃষকদের নিকট হতে সংগ্রহ করে বিভিন্ন স্থানে প্রদর্শনী করা হচ্ছে। তিনি বলেন যে, জাতটির ব্রিডার বীজ সংরক্ষণ ও উৎপাদনের কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া Semi-Deep ও Medium, Stagnant এলাকার উপযোগী ALART এর ফলাফলের ভিত্তিতে ২টি জাত/লাইন চূড়ান্তকরণের জন্য ব্যবস্থা নেয়া হবে। এই লাইন ২টি ব্রি ধান ৯১ এর চেয়ে বেশী ফলন দেবে এবং Medium Stagnant এলাকার চাষ করা যাবে।</p>
	<p>৪.৫.৩ নওগাঁ অঞ্চলের জিরা ও কুষ্টিয়ার মিনিকেট ধান সংগ্রহ করে পিওর লাইন নির্বাচনের বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় যা গবেষণা সংক্রান্ত পরবর্তী সভায় আলোচনা করা হবে মর্মে সভাপতি মহোদয় উল্লেখ করেন।</p>
৪.৬	<p>রংপুর আঞ্চলিক কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর(Transformation) উপস্থাপনার পর সেটি সমূহ করতে সভায় যেসব পরামর্শ এসেছে সেগুলো অর্ন্তভুক্ত করে ব্রি ওয়েব সাইটে দ্রুত আপলোড করার ব্যবস্থা গ্রহণ করত: আগামি সভায় রাজশাহী ও সাতক্ষিরা আঞ্চলিক কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর (Transformation) উপস্থাপন করতে সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।</p>
৪.৭	<p>নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের অনুমোদন এবং বাস্তবায়ন পর্যায়ে আর্থিক ও প্রশাসনিক সংক্রান্ত যাবতীয় বিষয়াদি বিভাগীয় প্রধান, পরিচালক এবং মহাপরিচালক মহোদয়কে অবহিত করে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০১ তারিখে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।</p>
৪.৮	<p>আগামি বোরো মওসুমে ডিএই এবং কৃষকদের নিকট বীজ বিতরণের লক্ষ্যকে সামনে রেখে পর্যাপ্ত বীজ সংগ্রহ এবং সঠিকভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সকল আঞ্চলিক কার্যালয় প্রধান এবং খামার ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় প্রধানকে আবারও মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন।</p>

৫. ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী সেপ্টেম্বর/২০২২ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ২৫১৩.০০ লক্ষ টাকা। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৮২.০০ লক্ষ টাকা; যা বরাদ্দের ১১.২২% মাত্র। গত অর্থবছরে ১টি প্রকল্পে এডিপি বরাদ্দ ছিল ৭৮০.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর/২১ পর্যন্ত ব্যয় হয়েছিল ২৩.৭২% (৭৮০.০০ লক্ষ টাকা)। ২০২২-২৩ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ১২টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ১২টি দরপত্রেরই আহবান এবং ১০টি দরপত্রের কার্যাদেশ সম্পন্ন হয়েছে।

(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে দরপত্র অগ্রগতি

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
<b>১. উন্নয়ন প্রকল্প</b>				
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	২টি	১৭৬.৭০	২টি	২টি
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	১০টি	৫৭১.০০	১০টি	৮টি
<b>উপমোট (প্রকল্প)</b>	<b>১২টি</b>	<b>৭৪৭.৭০</b>	<b>১২টি</b>	<b>১০টি</b>
<b>২. উন্নয়ন কর্মসূচি</b>				
২.১ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ	-	-	-	-
২.২ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ	৫টি	২১৭.০০	৫টি	২টি
২.৩ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ	৩টি	১২.০০	৩টি	৩টি
২.৪ নতুন প্রজন্মের ধান (সি-ফোর রাইস) গবেষণা অব্যাহত রাখা এবং গবেষণা সক্ষমতা বৃদ্ধিকরণ	৫টি	৫১৬.২৫	৫টি	৪টি
২.৫ ব্রি'র আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ কর্মসূচি	৫টি	৩৩৮.০০	৫টি	৩টি

১.৬ ব্রি'র আঞ্চলিক কার্যালয় সোনাগাজী, ফেনীর গবেষণা কার্যক্রম জোরদারকরণ ও টেকসই ধান প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন কর্মসূচি	৬টি	১৮০.০০	৬টি	২টি
উপমোট (কর্মসূচি)	২৪টি	১২৬৩.২৫	২৪টি	১৪টি
সর্বমোট (১+২)	৩৬টি	২০১০.৯৫	৩৬টি	২৪টি

(গ) ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত	সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত অগ্রগতি	গত বছরের সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত অগ্রগতি	সেপ্টেম্বর/ ২২ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
<b>১. উন্নয়ন প্রকল্প</b>					
১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	১৩০৫.০০ (১৩০৫.০০) (-)	২৪৪.৬৯ (১৮.৭৫) ২৪৪.৬৯ (১৮.৭৫) -	১৭০.০০ (১৩.০৩) ১৭০.০০ (১৩.০৩) -	১৮৫.০০(২৩.৭২) ১৮৫.০০(২৩.৭২) -	১৫.০০%
১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প	১২০৮.০০ (১২০৮.০০) (-)	২২৬.৫০ (১৮.৭৫) ২২৬.৫০ (১৮.৭৫) -	১১২.০০ (৯.২৭) ১১২.০০ (৯.২৭) -	- - -	১০.০০%
<b>উপমোট = ২টি প্রকল্প</b>	<b>২৫১৩.০০</b> <b>(২৫১৩.০০)</b> <b>(-)</b>	<b>৪৭১.১৯ (১৮.৭৫)</b> <b>৪৭১.১৯ (১৮.৭৫)</b> <b>-</b>	<b>২৮২.০০ (১১.২২)</b> <b>২৮২.০০ (১১.২২)</b> <b>-</b>	<b>১৮৫.০০(২৩.৭২)</b> <b>১৮৫.০০(২৩.৭২)</b> <b>-</b>	
<b>২. উন্নয়ন কর্মসূচি</b>					
২.১ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ধানভিত্তিক খামার বিন্যাস উন্নয়নের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ১৮১.৩০ লক্ষ টাকা)	৭৪.৪০ (৭৪.৪০) (-)	- - -	- - -	২০.০০ (১৯.৮২) ২০.০০ (১৯.৮২) -	-
২.২ নিরাপদ খাদ্য উৎপাদনের লক্ষ্যে ধান চাষে কীটনাশক ও আগাছানাশকের ব্যবহার হ্রাসকরণ এবং ক্ষতিকর প্রভাব নিরূপণ (মোট বরাদ্দ- ৫৪৬.৯০ লক্ষ টাকা)	২২৭.০০ (২২৭.০০) (-)	৫৬.৫০ (২৫.০০) ৫৬.৫০ (২৫.০০) -	৩.০০ (১.৩২) ৩.০০ (১.৩২) -	৩.০০ (০.৯৪) ৩.০০ (০.৯৪) -	১০.০০%
২.৩ উপকূলীয় বরিশাল ও খুলনা অঞ্চলে পানি সম্পদ ও মাটির লবণাক্ততা ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ- ৪২২.০০ লক্ষ টাকা)	১৯৪.৫০ (১৯৪.৫০) (-)	৪৮.৩১ (২৪.৯০) ৪৮.৩১ (২৪.৯০) -	৩১.০৪ (১৫.৯৬) ৩১.০৪ (১৫.৯৬) -	২৬.৪২ (১১.৯০) ২৬.৪২ (১১.৯০) -	২০.০০%
২.৪ নতুন প্রজন্মের ধান (সি-ফোর রাইস) গবেষণা অব্যাহত রাখা এবং গবেষণা সক্ষমতা বৃদ্ধিকরণ (মোট বরাদ্দ ৮০৮.০৫ লক্ষ টাকা)	৫৪২.০০ (৫৪২.০০) (-)	১৩৫.৫০ (২৫.০০) ১৩৫.৫০ (২৫.০০) -	৭.০০ (১.২৯) ৭.০০ (১.২৯) -	- - -	১০.০০%
২.৫ ব্রি'র আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ (মোট বরাদ্দ ৬৮৫.০০ লক্ষ টাকা)	৩৭৫.০০ (৩৭৫.০০) (-)	৯৩.৭৫ (২৫.০০) ৯৩.৭৫ (২৫.০০) -	৬.১৪ (১.৬৪) ৬.১৪ (১.৬৪) -	- - -	৫.০০%

২.৬ ব্রি'র আঞ্চলিক কার্যালয় সোনাগাজী, ফেনীর গবেষণা কার্যক্রম জোরদারকরণ ও টেকসই ধান প্রযুক্তি উদ্ভাবন/উন্নয়ন (মোট বরাদ্দ ৪৮৪.০০ লক্ষ টাকা)	২৫০.০০ (২৫০.০০) (-)	৬২.৫০ (২৫.০০) ৬২.৫০ (২৫.০০) -	১৬.১৪ (৬.৪৬) ১৬.১৪ (৬.৪৬) -	-	১০.০০%
উপমোট = ৬টি কর্মসূচি (মোট বরাদ্দ- ৩১২৭.২৫ লক্ষ টাকা)	১৬৬২.৯০ (১৬৬২.৯০) (-)	৩৯৬.৫৪ (২৩.৮৫) ৩৯৬.৫৪ (২৩.৮৫) -	৬৩.৩২ (৩.৮০) ৬৩.৩২ (৩.৮০) -	৫৮.৯২ (৭.৪২) ৫৮.৯২ (৭.৪২) -	-
<b>৩. রাজস্ব বাজেট</b>					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১১৯৫৪.০০ ১১৯৫৪.০০ (-)	২৯৩২.৮৯(২৪.৫৩) ২৯৩২.৮৯(২৪.৫৩) (-)	২৩৫০.৬৯(১৯.৬৬) ২৩৫০.৬৯(১৯.৬৬) -	২৭০৯.৬২(২৫.৭৮) ২৭০৯.৬২(২৫.৭৮) -	২৩.০০%
উপমোট	১১৯৫৪.০০ ১১৯৫৪.০০ (-)	২৯৩২.৮৯(২৪.৫৩) ২৯৩২.৮৯(২৪.৫৩) (-)	২৩৫০.৬৯(১৯.৬৬) ২৩৫০.৬৯(১৯.৬৬) -	২৭০৯.৬২(২৫.৭৮) ২৭০৯.৬২(২৫.৭৮) -	-
সর্বমোট (১+২+৩)	১৬১২৯.৯০ ১৬১২৯.৯০ (-)	৩৮০০.৬২(২৩.৫৬) ৩৮০০.৬২(২৩.৫৬) -	২৬৯৬.০১ (১৬.৭২) ২৬৯৬.০১ (১৬.৭২) -	২৯৫৩.৫৪(২৪.৪৫) ২৯৫৩.৫৪(২৪.৪৫) -	-

### ঘ) বিবিধ

১. সাতক্ষিরা আঞ্চলিক কার্যালয়ের ভিতর বস্তি উচ্ছেদের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক গঠিত টাস্কফোর্সের সুপারিশ অনুযায়ী বস্তিতে বসবাসরত লোকদের পূর্ববাসন এবং কার্যালয়ের উন্নয়ন করতে একটি প্রকল্প প্রণয়নের নির্দেশনা রয়েছে বলে আঞ্চলিক কার্যালয় প্রধান সভাকে জানান। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় উপরিউল্লিখিত বিষয়ের উপর একটি প্রকল্প প্রণয়নের জন্য আ. আঞ্চলিক কার্যালয় প্রধানকে নির্দেশ প্রদান করেন।

### ২. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

অন্যান্য নন-এডিপিভুক্ত প্রকল্পের অগ্রগতি নিম্নরূপ:

(Tk in Lakh)

Sl No	Project title and Period	Name of the PD/PI/ Coordinator	Source of Fund	Component/Collaborative Org.	Total Project Cost	Progress up to September/2022 (%)
1	2	3	4	5	6	7
1.	Transforming Rice Breeding in Bangladesh: Institutional Capacity Building (Second Phase) (BRRI-Part) (01December 2019 to 31 December 2023)	Dr. Md. Shahjahan Kabir, Director General/Dr.Khandakar Md Iftekharuddaula, CSO, PBD	Bill and Melinda Gates Foundation (BMGF)	IRRI	3364.00	1785.19 (53.07%)
2.	Development of Short Duration Cold Tolerant Rice (SDCTR) for Haor Areas of Bangladesh (SDCTR-Physiology) 5 Yrs (2020-21 to 2024-25)	Dr. Partha Sarathi Biswas, CSO (CC), Plant Breeding Division	KGF	<u>Main component:</u> SDCTR- Breeding (Dr. Partha Sarathi Biswas) <u>Collaborating</u> SDCTR-Physiology (Dr. Md Mamunur Rashid) SDCTR- BRRI Habigonj	481.00	149.71 (31.12%)
3.	Upscaling of Improved Water Management Practices for Sustainable Productivity in the Haor areas. (18 Nov 2021 to 17 Nov 2024)	Dr. Md. Mahbubul Alam, SSO, IWMD	KGF	N/A	58.25	12.90 (22.15%)

4.	Intervention in surface water utilization through integrated minor irrigation schemes for escalating water and land productivity in coastal region. (March, 2021 to February, 2024)	Dr. Mir Nurul Hasan Mahmud SSO, IWMD	KGF	N/A	115.00	46.25 (40.21%)
5.	Modeling climate change impact on agriculture and developing mitigation and adaptation strategies for sustaining agricultural production in Bangladesh (BRRI-Part) Dec 2020 to Nov 2023)	Dr. Md. Maniruzzaman, PSO,IWMD/Dr. Umme Aminun Naher, PSO,SSD	KGF	BARI, BSMRAU, BAU & KGF	366.30 (Joint Fund)	65.00 (17.75%)
6.	Mitigating risk and scaling-out profitable cropping system intensification practices in the salt-affected coastal zones of the Ganges Delta (Nov 2021 to Oct 2024)	Dr. Md. Maniruzzaman, PSO, IWMD	ACIAR, Australia & KGF, Bangladesh (KGF part only for BRRI & BARI)	BARI & Shushilan, Bangladesh; & CSSRI, BCKV and TSRD, India; CSIRO & MU, Australia	ACIAR 102,000 AU\$ KFG part 100,000 AU\$ (will start from July 2022)	ACIAR part received 20,000 AU\$ (11.67 Lakh Tk.) (19.61%)
7.	SciTech4Climate Indo-Pacific Climate-Smart Agriculture Initiative: Project B: Ganges coastal zone climate smart agricultural production Project (C035649 1.5 Years: From July, 2022 to Dec., 2023	Dr. Md. Maniruzzaman, PSO, IWMD	The Department of Foreign Affairs and Trade (DFAT), Australia	BARI, Bangladesh & RMVERI, India; and CSIRO, Australia	90,000 AU\$	Received 30000 AU\$ (18,26,231 BDT)
8.	Validation and up-scaling of rice transplanting and harvesting technology in the selected sites of Bangladesh (04/11/2021 to 03/11/2024)	Dr. Md. Anwar Hossen, SSO, FMPHTD	KGF	N/A	90.37	21.48 (16.25%)
9.	T. Aman rice-Mustard-Patshak-Aus rice cropping pattern for Mymensingh (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim, PSO, RFSD	NATP	BARC	8.00	3.15 (39.38%)
10.	Novel plant growth promoting (PGP) bacterial and fungal bio pesticides for sustainable management of bacterial blight of rice (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim, PSO, RFSD	NATP	BARC	6.60	1.00 (15.15%)
11.	Formulation of energy dense rice biscuit (BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim, PSO, RFSD	NATP	BARC	2.51	Received: 1.005 Expend: Will start soon

12.	Rice-Potato:jute cropping pattern for Productivity Enhancement in the sitmahal of Northern Bangladesh(BRRI-Part) (March-Dec. 2022)	Dr. Md. Ibrahim, PSO, RFSD	NATP	BARC	7.85	2.92 (37.20%)
13.	Sustainable management of blast, sheath blight and bacterial blight diseases of rice through nanoparticles (BRRI-Part) (Dec. 2020 to Dec. 2023)	Dr. MA Latif, CSO, Plant Pathology	KGF	Dhaka University, Kushtia Islamic University	397.30	327.05 (82.32%)
14	Development of blast resistance and N use efficient variety (BRRI-Part) (March 2021 to February 2022)	Dr. MA Latif, CSO, Plant Pathology	JIRCAS, Japan	JIRCAS, Japan and Plant Breeding Division, BRRI	5.12 Tk/year (Every year need to renew the activities and budget)	5.12 (100.00%)
15	Effect of Temperature on Growth and Sporulation of Major Rice Pathogens (Nov 2021 to Oct 2022)	Dr. M Ashik Iqbal Khan, PSO, Plant Pathology	KGF	IWM, BRRI	0.80/year (Every year need to renew the activities and budget)	0.80 (100.00%)
16	UKRI GCRF (UK Research and Innovation Global Challenges Research Fund) South Asian Nitrogen Hub for nitrogen management in Rice Production. NEC06636 (RPO25) 60 months: From February, 2019 to February, 2024	Umme Aminun Naher, PSO, Soil Science Division.	UKRI, GCRF, GEF, UNEP, UK CEH(UK Centre For Ecology and Hydrology)	N/A	96.41	78.87 (81.81%)
17	Establishment of Prevention Network for Migratory Pests in Asia region Three year (Dec. 2019 to Nov. 2022)	Dr. Md. Mofazzel Hossain, CSO, Entomology Division.	AFACI, RDA, Korea	DAE, Tarash, Sirajganj	67.20	54.00 (80.36%)
18	Healthier Rice Project (January/2018 to December/2022)	Dr. Md Abdul Kader, PSO Plant Breeding Division	IRRI (BMGE)	N/A	183.39	139.53 (76.08%)
19	Advancement and molecular characterization of rice blast resistant lines with its pathotypic reaction in blast endemic areas (ID No.: LSG 12-C/22) 16 months, From February 2022 to May 2023	Dr. Tahmid Hossain Ansari, Chief Scientific Officer (CC)	KGF	N/A	12.00	5.56 (46.33%)

20	Scaling-up Premium Quality Rice in Northern Region of Bangladesh Three years: 26 Oct 2021 to 25 Oct 2024	Dr. Biswajit Karmakar PSO and Head BRRRI Sonagazi	KGF	Agro-based Socio Economic Development Services (ASEDS), Sirajganj	74.997	22.60 (30.10%)
21	Formulation of rice-based foods supplemented with anthocyanin-enriched fermented rice bran (OFANS Project component 4.1) (November/2021 to October/2022)	Dr. Habibul Bari Shozib, SSO, GQN, BRRRI	KGF	GIFS, Canada	30.34	9.70 31.97%

#### ৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১ সভায় উপস্থিত সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধান, সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে কার্যবিবরণী পড়ে তার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়/শাখা প্রধান, সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
২	২.১ ২০২২-২৩ অর্থবছরে চলমান প্রকল্প/কর্মসূচিসমূহের ক্রয় পরিকল্পনার আওতায় সকল পণ্য ও কার্যের দরপত্রের স্বেসিফিকেশন মোতাবেক সকল কাজের গুণগত মান ও স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং কর্মপরিকল্পনা অনুযায়ী এডিপি বরাদ্দের শতভাগ আর্থিক এবং ভৌত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	সকল প্রকল্প/কর্মসূচি পরিচালকগণ/ নির্বাহী প্রকৌশলী/ সহকারী পরিচালক(সংগ্রহ)
	২.২ প্রকল্প/কর্মসূচির আওতায় চলমান কাজ মানসম্পন্নভাবে সম্পন্ন করার লক্ষ্যে মনিটরিং কমিটি'র কার্যক্রম আরো জোরদার করতঃ মতামতসহ পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।	মনিটরিং কমিটি এবং সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি পরিচালক
	২.৩ বিভিন্ন বিভাগে বিভিন্ন গবেষণায় ব্যবহৃত ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামাদির আউটপুট আগামি বার্ষিক গবেষণা পর্যালোচনা সভায় নিজ নিজ বিভাগীয় প্রধানগণকে উপস্থাপন করতে এবং বিজ্ঞানীদের ল্যাব যন্ত্রের ব্যবহারের উপর গুরুত্ব দিয়ে প্রধান গবেষক হিসাবে বার্ষিক গবেষণা পরীক্ষণ দিতে হবে।	সকল বিভাগীয় প্রধান
৩.	৩.১ প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের আওতায় কৃষি যান্ত্রিকীকরণ জনপ্রিয় করতে ও ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে একটি করে মেকানাইজড ভিলেজ গড়তে হবে এবং মেকানাইজড ভিলেজে উদ্যোক্তাদের নিকট যন্ত্র সরবরাহের পূর্বে আঞ্চলিক কার্যালয়ে যন্ত্রের কার্যকারিতা পরীক্ষা করে সরবরাহ করতে হবে। এছাড়া “মেকানাইজড ভিলেজ” কার্যক্রমটি প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়ন করতে হবে এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানকে মেকানাইজড ভিলেজ কার্যক্রম নিয়মিত পরিদর্শন করে প্রকল্প পরিচালককে তার ফিডব্যাক প্রদান করবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
	৩.২ রংপুর এবং সিরাজগঞ্জ আ. কার্যালয়ের আওতায় মেকানাইজড ভিলেজ কার্যক্রম বাস্তবায়নে বাছাইকৃত স্থান/উদ্যোক্তা সঠিক না হওয়ায় স্থানীয় অংশীজনদের সাথে আলোচনা করে পুনরায় স্থান/উদ্যোক্তা বাছাই করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং আঞ্চলিক কার্যালয় প্রধান
	৩.৩ প্রতিটি আঞ্চলিক কার্যালয়কে শতভাগ যান্ত্রিকীকরণে সমস্যাগুলো চিহ্নিত করে প্রধান, এফএমপিএইচটি বিভাগ এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল আঞ্চলিক কার্যালয় প্রধান, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং প্রধান, এফএমপিএইচটি বিভাগ
	৩.৪ আগামি বোরো মওসুমে আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে মেকানাইজড ভিলেজে কৃষকের মাঠে সমলয় পদ্ধতিতে (Synchronized Cultivation) ধান চাষাবাদের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ট্রে সরবরাহ করতে হবে।	সকল আঞ্চলিক কার্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক



8.	8.1 বিভিন্ন মওসুমে দেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে ব্রি উদ্ভাবিত নতুন জাতগুলোর প্রতিটি ব্লকে পর্যায়ক্রমে প্রদর্শনী করতে হবে এবং প্রদর্শনীর ফলে জাতের সম্প্রসারণ বৃদ্ধির হারের পর্যবেক্ষণ পরিচালক (গবেষণা) এর তত্ত্বাবধানে ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ কে অব্যাহত রাখতে এবং উপরোক্ত বিভাগসমূহকে প্রদর্শনীর ডাটাবেইস তৈরীর কাজ চলমান থাকবে। এছাড়া প্রদর্শনীর ফলে উৎপাদন এলাকা এবং উৎপাদনের উপর প্রভাব বিষয়ক স্টাডি করে সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতা নিয়ে কৃষি অর্থনীতি বিভাগকে লেখনী তৈরি করতে হবে।	পরিচালক (গবেষণা), ফলিত গবেষণা, কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ধানভিত্তিক খামার বিন্যাস এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ
	8.2 প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে গত বোরো এবং আউশ মওসুমে ব্রির গবেষণা মাঠে ও কৃষকের মাঠে ধান কর্তনের সময় জাতের নাম, প্রতি হেক্টর ফলন ও বোরো মওসুমে ধান উৎপাদনে সমস্যাসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদির তথ্য সংগ্রহ ও যাচাই বাচাই করে একটি প্রতিবেদন পরিচালক (গবেষণা) এর নিকট প্রেরণ করবেন এবং সেই সাথে চলমান আমন মওসুমের ধান কর্তনের সময়ও উপরিউল্লিখিত বিষয়াদির তথ্য সংগ্রহ করবেন।	সকল বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
৫.	রংপুর আঞ্চলিক কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর (Transformation) উপস্থাপনার পর সেটি সমূহ করতে সভায় যেসব পরামর্শ এসেছে সেগুলো অর্ন্তভুক্ত করে ব্রি ওয়েব সাইটে দ্রুত আপলোড করার ব্যবস্থা গ্রহণ করত: আগামি সভায় রাজশাহী ও সাতক্ষিরা আঞ্চলিক কার্যালয়ের গবেষণা বিষয়ক অগ্রগতির রূপান্তর (Transformation) উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানগণ
৬.	ননএডিপিভুক্ত সকল প্রকল্পের অনুমোদন এবং বাস্তবায়ন পর্যায়ে আর্থিক ও প্রশাসনিক সংক্রান্ত যাবতীয় বিষয়াদি বিভাগীয় প্রধান, পরিচালক এবং মহাপরিচালক মহোদয়কে অবহিত করে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সকল ননএডিপিভুক্ত প্রকল্প পরিচালক
৭.	আগামি বোরো মওসুমে ডিএই এবং কৃষকদের নিকট বীজ বিতরণের লক্ষ্যকে সামনে রেখে পর্যাপ্ত বীজ সংগ্রহ এবং সঠিকভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান, সকল আঞ্চলিক কার্যালয় এবং খামার ব্যবস্থাপনা বিভাগ
৮.	প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনার বাস্তব অগ্রগতি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ
৯.	৯.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, রাধুনী পাগল, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ এবং কৌলি সম্পদ ও বীজ বিভাগ
	৯.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকুড়ি, ফরিদপুরের খইয়া মটর এবং সিরাজগঞ্জের সড়সড়িয়া অন্যান্য সংগ্রহকৃত স্থানীয় জাতসমূহ থেকে পিওর লাইন নির্বাচন করে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণের পাশাপাশি এসব জাতসমূহের আলোক সংবেদনশীলতা পরীক্ষা করতে হবে এবং প্রতি মাসের গবেষণা সংক্রান্ত সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় প্রধানগণ

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-১১-২০২২

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: dg@brrri.gov.bd

বিতরণ :

- ১) সকল বিভাগীয়, শাখা ও আঞ্চলিক কার্যালয় প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।
- ২) প্রকল্প পরিচালক, অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন, ব্রি
- ৩) প্রকল্প পরিচালক, খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প, ব্রি
- ৪) কর্মসূচি পরিচালকগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়), ব্রি

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৩০.০২.০০১.১৭.২৯২/১(৪)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ২) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৪) অফিস সহকারী কাম কম্পিউটার মূদ্রাক্ষরিক, গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১৩-১১-২০২২

আতিয়া রোখানা

প্রিন্সিপাল প্ল্যানিং অফিসার (চলতি দায়িত্ব)